

সাসটেইনেবল ফাইন্যান্স ডিপার্টমেন্ট

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা।

মার্চ ১৬, ২০১৭

এসএফডি সার্কুলার নং: ০৩

তারিখ: .....

চেষ্টা ০২, ১৪২৩

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা

বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান (শরীয়াহভিত্তিক ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান ব্যতীত)।

প্রিয় মহোদয়,

**মাস্টার সার্কুলার: “পরিবেশবান্ধব পণ্য/উদ্যোগের জন্য পুনঃঅর্থায়ন স্কিম”।**

দেশে নবায়নযোগ্য জ্বালানি প্রসারের মাধ্যমে পরিবেশ সংরক্ষণ ও শিল্প কারখানার তরল বর্জ্য পরিশোধনের মাধ্যমে পরিবেশ দূষণ রোধে আর্থিক খাতের অর্থায়ন প্রবাহকে সুগম করার লক্ষ্যে ২০০৯ সালে বাংলাদেশ ব্যাংকের নিজস্ব উৎস্ব হতে ২০০.০০ (দুইশত) কোটি টাকার একটি আবর্তনশীল পুনঃঅর্থায়ন স্কিম গঠন করা হয়। শুরুতে এ স্কিমের আওতা সৌর প্যানেল, সৌর ফটোভোল্টাইক সংযোজন প্ল্যান্ট/শিল্প এবং বায়োগ্যাস ও বর্জ্য পরিশোধন প্ল্যান্ট স্থাপনের জন্য সীমাবদ্ধ থাকলেও পরবর্তীতে বিভিন্ন পর্যায়ে এর আওতা ৫০(পঞ্চাশ)টি পণ্য/উদ্যোগে পরিবর্তন করা হয়। সময়ের পরিক্রমায় স্কিম পরিচালনার অভিজ্ঞতা, দেশের অর্থনৈতিক কাঠামোর উন্নয়ন, প্রযুক্তিগত উন্নয়ন ও পরিবর্তন, পরিবেশবান্ধব পণ্য/উদ্যোগের প্রতি গ্রাহক চাহিদা বৃদ্ধি বিবেচনায় নিয়ে ও বাংলাদেশ সরকারের উন্নয়ন পরিকল্পনাসমূহের (Perspective Plan of Bangladesh: 2010-2021, National Sustainable Development Strategy 2010-21, সপ্তম পঞ্চবার্ষিক পরিকল্পনা, Sustainable Development Goals) বাস্তবায়নকে ত্বরান্বিত করার উদ্দেশ্যে পরিবেশবান্ধব পণ্য/উদ্যোগে বেসরকারী খাতের ঋণ প্রবাহকে সুগম করার লক্ষ্যে এ বিষয়ক জারিকৃত সার্কুলার/সার্কুলার লেটারসমূহে বর্ণিত নির্দেশনাদি পর্যালোচনা/পরিমার্জন ও পরিবর্তন করে একটি সমন্বিত নীতিমালা জারি করা হলো।

২। শিরোনাম: পরিবেশবান্ধব পণ্য/উদ্যোগের জন্য পুনঃঅর্থায়ন স্কিম (Refinance Scheme for Green Products/Initiatives)।

৩। অংশগ্রহণকারী আর্থিক প্রতিষ্ঠান (Participatory Financial Institution-PFI): আলোচ্য স্কিমের আওতায় পুনঃঅর্থায়ন সুবিধা প্রাপ্তির জন্য আগ্রহী ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানকে বাংলাদেশ ব্যাংকের সাসটেইনেবল ফাইন্যান্স ডিপার্টমেন্ট, প্রধান কার্যালয়, ঢাকা এর সাথে অংশগ্রহণকারী চুক্তি সম্পাদন করতে হবে। চুক্তিবদ্ধ ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান উক্ত স্কিমের আওতাধীন “অংশগ্রহণকারী আর্থিক প্রতিষ্ঠান” হিসেবে চিহ্নিত হবে। ইতোমধ্যে চুক্তি সম্পাদনকারী অংশগ্রহণকারী আর্থিক প্রতিষ্ঠানসমূহকে নতুনভাবে পুনঃঅর্থায়ন সুবিধা প্রাপ্তির জন্য অত্র সার্কুলার জারির ০৩(তিন) মাসের মধ্যে পরিবর্তিত চুক্তিপত্র সম্পাদন করতে হবে।

৪। সুদহার:

৪.১। স্কিমের আওতায় অংশগ্রহণকারী আর্থিক প্রতিষ্ঠানের নিকট হতে তাদের অর্থায়নের বিপরীতে বাংলাদেশ ব্যাংক হতে প্রদত্ত পুনঃঅর্থায়নের উপর ব্যাংক হারে (বর্তমানে ৫%) সুদ আদায়যোগ্য হবে।

## ৪.২। গ্রাহক পর্যায়ে সুদের হার:

৪.২.১। অংশগ্রহণকারী আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক সরাসরি অর্থায়নের ক্ষেত্রে গ্রাহক পর্যায়ে সুদের হার নির্ধারণের ক্ষেত্রে ব্যাংক হার ভিত্তি হার (Base Rate) হিসেবে পরিগণিত হবে। অংশগ্রহণকারী আর্থিক প্রতিষ্ঠান ভিত্তি হারের উপর মার্জিন আরোপ করে গ্রাহক পর্যায়ে সুদহার (ব্যাংক হার + মার্জিন) নির্ধারণ করতে পারবে। উক্ত মার্জিন ঋণ পরিশোধের সময়কাল ৫ বছরের কম হলে সর্বোচ্চ ৩%, ৫(পাঁচ) বছর বা ততোধিক কিন্তু ৮(আট) বছরের কম হলে সর্বোচ্চ ৩.৫% এবং ৮(আট) বছর বা ততোধিক হলে সর্বোচ্চ ৪% হবে। ইতোমধ্যে পুনঃঅর্থায়ন সুবিধাপ্রাপ্ত পণ্য/উদ্যোগসমূহে পূর্বের সুদহার প্রযোজ্য হবে।

৪.২.২। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের কৃষি খাতে অগ্রাধিকার বিবেচনায় নিয়ে “সোলার ইরিগেশন পাম্পিং সিস্টেম” এর ক্ষেত্রে অংশগ্রহণকারী আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক গ্রাহক পর্যায়ে সরাসরি অর্থায়নের বিপরীতে তাদের মার্জিন হবে সর্বোচ্চ ২%।

৪.২.৩। এমআরএ নিবন্ধিত এমএফআই/এজেন্ট ব্যাংকিং/আউটসোর্সিং এর মাধ্যমে গ্রাহক নির্বাচন, ঋণের প্রস্তাব তৈরীকরণ, মূল্যায়ন, মনিটরিং, আদায় কার্যক্রম অথবা Credit Wholesaling অর্থায়নের ক্ষেত্রে গ্রাহক পর্যায়ে সুদের হার নির্ধারণের ক্ষেত্রে অংশগ্রহণকারী আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক নির্ধারিত সুদহারের উপর ফি/কমিশন ধার্য করা যাবে। সেক্ষেত্রে সুদহার হবে ব্যাংক হার + অংশগ্রহণকারী আর্থিক প্রতিষ্ঠানের মার্জিন + এমএফআই/এজেন্ট/আউটসোর্সিং ফি/কমিশন। উক্ত ফি/কমিশন ঋণ পরিশোধের সময়কাল ৫ বছরের কম হলে সর্বোচ্চ ১%, ৫(পাঁচ) বছর বা ততোধিক কিন্তু ৮(আট) বছরের কম হলে সর্বোচ্চ ১.৫% এবং ৮(আট) বছর বা ততোধিক হলে সর্বোচ্চ ২% হবে।

## ৫। ঋণ পরিশোধের সময়কাল ও সুদ হিসাবায়ন:

৫.১। নির্ধারিত সময়ের মধ্যে অত্র নীতিমালার সকল শর্তানুযায়ী সুদসহ ঋণের সমুদয় অর্থ গ্রাহক কর্তৃক পরিশোধযোগ্য হবে। নির্ধারিত সময়ের মধ্যে সমুদয় ঋণ পরিশোধিত না হলে অতিরিক্ত সময়ের জন্য ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান অনাদায়ী বকেয়ার উপর বাংলাদেশ ব্যাংকের বিদ্যমান সার্কুলারের আলোকে এবং অংশগ্রহণকারী আর্থিক প্রতিষ্ঠানের নিজস্ব নীতিমালা অনুযায়ী সুদ ধার্য করতে পারবে।

৫.২। সুদ হিসাবায়নের ক্ষেত্রে ক্রমহ্রাসমান পদ্ধতি (Reducing Balance Method) অবলম্বন করতে হবে ([সংযুক্তি-১](#))।

৫.৩। সুদ হিসাবায়নের ক্ষেত্রে কোনো ধরনের লুক্কায়িত খরচ (Hidden Expenses) হিসাব করা যাবে না এবং অত্র সার্কুলারের অনুচ্ছেদ-৪ এ বর্ণিত সুদহার ব্যতীত গ্রাহকের নিকট হতে অন্য কোনো ধরনের চার্জ/ফি/সুদ (সার্ভিস চার্জ, লোন প্রসেসিং ফি, Risk Premium ইত্যাদি) ধার্য করা যাবে না। তবে বাংলাদেশ ব্যাংকের সময়ে সময়ে জারিকৃত সার্কুলার/সার্কুলার লেটারসমূহের আলোকে অংশগ্রহণকারী আর্থিক প্রতিষ্ঠানের "Schedule of Charges" এবং প্রযোজ্য ক্ষেত্রে সরকার কর্তৃক আরোপিত/ধার্যকৃত শুল্ক/কর আদায় করা যাবে।

৫.৪। গ্রাহক পর্যায়ে ঋণ পরিশোধের সময়কাল ঋণ গ্রহণের তারিখ হতে এবং অংশগ্রহণকারী আর্থিক প্রতিষ্ঠানের পুনঃঅর্থায়নকৃত ঋণ পরিশোধের সময়কাল পুনঃঅর্থায়ন গ্রহণের তারিখ হতে হিসাবায়ন হবে।

৫.৫। অংশগ্রহণকারী আর্থিক প্রতিষ্ঠানের সাথে গ্রাহকের সম্পর্কের ভিত্তিতে ও প্রয়োজনীয়তার নিরিখে পুনঃঅর্থায়নযোগ্য পণ্য বা উদ্যোগে গ্রেস পিরিয়ড প্রযোজ্য হতে পারে। তবে সংশ্লিষ্ট পণ্য/উদ্যোগের জন্য অত্র সার্কুলারে বর্ণিত শর্তাবলীর আলোকে সর্বোচ্চ গ্রেস পিরিয়ড অনুমোদন করা যাবে।

৬। পুনঃঅর্থায়ন গ্রহণের যোগ্যতা:

৬.১। অত্র স্কিমের আওতায় শুধুমাত্র মেয়াদী ঋণের (Term Loan) বিপরীতে পুনঃঅর্থায়ন সুবিধা প্রদানযোগ্য হবে। প্রকল্পের পরামর্শক খরচ, মেরামত সংক্রান্ত ব্যয় এবং চলতি মূলধন বাবদ ব্যয় পুনঃঅর্থায়ন সুবিধার আওতায় আসবে না।

৬.২। পুনঃঅর্থায়নযোগ্য ঋণের পরিমাণ পরিবেশবান্ধব পণ্য/উদ্যোগ/প্রকল্পের উৎপাদন ক্ষমতা ও প্রকৃত ব্যয় নিরূপন করতঃ নির্ধারণ করা হবে, তবে তা কোনোক্রমেই সংশ্লিষ্ট পণ্য/উদ্যোগ/প্রকল্পের জন্য বাংলাদেশ ব্যাংক নির্ধারিত সর্বোচ্চ সীমা অতিক্রম করবে না।

৬.৩। ব্যাংক কোম্পানি আইন ও আর্থিক প্রতিষ্ঠান আইনের বিদ্যমান বিধিবিধান এবং বাংলাদেশ ব্যাংকের বিদ্যমান সার্কুলার/সার্কুলার লেটারসমূহ অনুযায়ী ঋণখেলাপী গ্রাহকের অনুকূলে কোনোরূপ ঋণ সুবিধা প্রদান করা যায় না বিধায় সংশ্লিষ্ট গ্রাহকের ঋণের বিপরীতে কোনো পুনঃঅর্থায়ন ঋণ সুবিধার আবেদনের সুযোগ নেই। অংশগ্রহণকারী আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক পুনঃঅর্থায়ন সুবিধার আবেদন করার পূর্বে সংশ্লিষ্ট গ্রাহক ও তার স্বার্থ সম্পর্কিত প্রতিষ্ঠানসমূহের সাম্প্রতিক সিআইবি রিপোর্ট ইতিবাচক মর্মে নিশ্চিত করতে হবে।

৬.৪। অংশগ্রহণকারী চুক্তি মোতাবেক পুনঃঅর্থায়নকৃত ঋণ সুদসহ পরিশোধ নিশ্চিত করতে হবে এবং এ মর্মে অংশগ্রহণকারী আর্থিক প্রতিষ্ঠানকে স্বতন্ত্র প্রতিশ্রুতি পত্র (Demand Promissory Note) প্রদান করতে হবে।

৬.৫। ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক যৌক্তিক কারণে "Credit Purchase/Loan Takeover" এর বিপরীতে পুনঃঅর্থায়ন সুবিধার আবেদন করার পূর্বে ঋণটি বিরূপভাবে শ্রেণিকৃত/বিরূপভাবে শ্রেণিকৃত হওয়ায় পুনঃতফসিলীকৃত/সুদ মওকুফকৃত নয় মর্মে নিশ্চিত হতে হবে। তাছাড়া সংশ্লিষ্ট গ্রাহকের ঋণ অবলোপনের ইতিহাস পুনঃঅর্থায়নের অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

৬.৬। "Syndicated Financing" এর আওতায় অর্থায়নকৃত পরিবেশবান্ধব পণ্য/উদ্যোগে পুনঃঅর্থায়ন সুবিধা গ্রহণযোগ্য হবে। তবে উক্ত পণ্য/উদ্যোগে অর্থায়নের বিপরীতে শুধুমাত্র "লিড ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান" বাংলাদেশ ব্যাংকের নিকট পুনঃঅর্থায়ন আবেদন উপস্থাপন করতে পারবে। এক্ষেত্রে পুনঃঅর্থায়ন সুবিধা "লিড ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান" এর অনুকূলে প্রদান করা হবে এবং উক্ত পুনঃঅর্থায়নকৃত অর্থের ত্রৈমাসিক কিস্তি "লিড ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান" এর নিকট হতে আদায় করা হবে। অপরাপর সদস্য ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানসমূহকে তাদের স্ব স্ব অর্থায়ন অনুপাতে (Pro-rata Basis) পুনঃঅর্থায়ন সুবিধা বন্টন, পুনঃঅর্থায়নকৃত ঋণের কিস্তি আদায় ও অন্যান্য দায়-দায়িত্ব সম্পূর্ণরূপে "লিড ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান" এর উপর ন্যস্ত থাকবে।

৭। পুনঃঅর্থায়ন আবেদন প্রক্রিয়া:

৭.১। ৫(পাঁচ) বছর বা তদূর্ধ্ব মেয়াদী পণ্য/উদ্যোগ/প্রকল্প ঋণের ক্ষেত্রে প্রকল্প চালু (Trial Run) হওয়ার পরবর্তী ৯০(নব্বই) দিনের মধ্যে অংশগ্রহণকারী আর্থিক প্রতিষ্ঠান তাদের সরাসরি বিতরণকৃত ঋণের বিপরীতে পুনঃঅর্থায়নের জন্য বাংলাদেশ ব্যাংক বরাবর এককালীন আবেদন করবে।

৭.২। ৫(পাঁচ) বছরের নিম্নমেয়াদী পণ্য/উদ্যোগ/প্রকল্প ঋণের ক্ষেত্রে অংশগ্রহণকারী আর্থিক প্রতিষ্ঠান তাদের সরাসরি বিতরণকৃত ঋণের বিপরীতে পুনঃঅর্থায়নের জন্য বাংলাদেশ ব্যাংকের নির্ধারিত ছকে প্রতি ত্রৈমাসিক শেষে পরবর্তী ৩০(ত্রিশ) দিনের মধ্যে বাংলাদেশ ব্যাংক বরাবর এককালীন আবেদন করবে।

৭.৩। অংশগ্রহণকারী আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক এমএফআই/এজেন্ট ব্যাংকিং/আউটসোর্সিং এর মাধ্যমে যে কোনো মেয়াদে অর্থায়নের ক্ষেত্রে অংশগ্রহণকারী আর্থিক প্রতিষ্ঠান হতে গৃহীত ঋণ দ্বারা এমএফআই/এজেন্ট ব্যাংকিং/আউটসোর্সিং প্রতিষ্ঠান কোনো ত্রৈমাসিকে উপকারভোগী গ্রাহক পর্যায়ে যে পরিমাণ ঋণ বিতরণ করতে সক্ষম হবে তার বিপরীতে উক্ত ত্রৈমাসিক শেষে পরবর্তী ৩০(ত্রিশ) দিনের মধ্যে অংশগ্রহণকারী আর্থিক প্রতিষ্ঠান বাংলাদেশ ব্যাংকে পুনঃঅর্থায়ন দাবী (একাধিক ত্রৈমাসিকে বিতরণ হলে একাধিকবার) উপস্থাপন করবে।

৭.৪। অংশগ্রহণকারী আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক মহাব্যবস্থাপক, সাসটেইনেবল ফাইন্যান্স ডিপার্টমেন্ট, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা বরাবর পুনঃঅর্থায়ন আবেদন (ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী অথবা ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহীর অনুপস্থিতিতে দ্বিতীয় সর্বোচ্চ পর্যায়ের কর্মকর্তার স্বাক্ষরে) উপস্থাপন করতে হবে। পুনঃঅর্থায়ন আবেদনের সঙ্গে অংশগ্রহণকারী আর্থিক প্রতিষ্ঠান নির্ধারিত ছক (সংযুক্তি-২) অনুসারে তথ্যাদি ও প্রয়োজনীয় দলিলাদি সরবরাহ করবে।

৭.৫। অংশগ্রহণকারী আর্থিক প্রতিষ্ঠানসমূহকে এ ক্ষিমের আওতায় বিতরণকৃত ঋণের সর্বোচ্চ ১০০% পুনঃঅর্থায়ন সুবিধা প্রদান করা হবে। এক্ষেত্রে বাংলাদেশ ব্যাংকের সিদ্ধান্তই চূড়ান্ত মর্মে গণ্য হবে।

৮। পুনঃঅর্থায়নকৃত ঋণের সদ্যবহার ও তথ্য সরবরাহ:

৮.১। পুনঃঅর্থায়ন বাবদ গৃহীত ঋণের সদ্যবহার সম্পর্কে বাংলাদেশ ব্যাংকের চাহিদা মোতাবেক প্রয়োজনীয় তথ্য/বিবরণী (সংযুক্তি-৩) অংশগ্রহণকারী আর্থিক প্রতিষ্ঠানসমূহ সরবরাহ করবে। তাছাড়া পুনঃঅর্থায়নকৃত ঋণের সদ্যবহারের বিষয়টি বাংলাদেশ ব্যাংক প্রয়োজনীয়তার নিরিখে যে কোনো সময় সরেজমিন যাচাই করার অধিকার সংরক্ষণ করবে।

৮.২। নিম্নবর্ণিত অবস্থার অবতারণা হলে অংশগ্রহণ চুক্তিপত্রের শর্তানুসারে অংশগ্রহণকারী আর্থিক প্রতিষ্ঠানকে পুনঃঅর্থায়নকৃত ঋণ প্রচলিত ব্যাংক রেট অপেক্ষা ৫% অধিকহারে দন্ডসুদসহ এককালীন ফেরত প্রদান করতে হবে এবং উক্ত প্রতিষ্ঠানের বিরুদ্ধে বাংলাদেশ ব্যাংক অর্ডার ১৯৭২, ব্যাংক কোম্পানি আইন ১৯৯১ ও আর্থিক প্রতিষ্ঠান আইন ১৯৯৩ অনুসারে যথাযথ শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে:

ক) অংশগ্রহণকারী আর্থিক প্রতিষ্ঠান ভুল তথ্য প্রদানের মাধ্যমে পুনঃঅর্থায়ন সুবিধা গ্রহণ করলে;

খ) বাংলাদেশ ব্যাংক কর্তৃক সরেজমিন পরিদর্শনে পুনঃঅর্থায়নকৃত অর্থের সদ্যবহার হয়নি মর্মে পরিলক্ষিত হলে;

গ) পুনঃঅর্থায়ন ক্ষিমের আওতায় সুবিধাপ্রাপ্ত গ্রাহকের ঋণ হিসাব বিরূপভাবে শ্রেণিকৃত হওয়ার পরও বাংলাদেশ ব্যাংককে তাৎক্ষণিকভাবে অবহিত না করা হলে।

৯। পুনঃঅর্থায়ন আদায় প্রক্রিয়া:

৯.১। পুনঃঅর্থায়ন বাবদ গৃহীত ঋণ অংশগ্রহণকারী আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক ঋণ গ্রহণের তারিখ থেকে ত্রৈমাসিক কিস্তিতে নির্দিষ্ট পরিশোধ সূচী অনুযায়ী সুদসহ পরিশোধযোগ্য হবে।

৯.২। পরিশোধসূচী অনুযায়ী নির্ধারিত তারিখে সুদসহ পুনঃঅর্থায়নকৃত ঋণের পরিশোধযোগ্য কিস্তি বাংলাদেশ ব্যাংকে রক্ষিত সংশ্লিষ্ট অংশগ্রহণকারী আর্থিক প্রতিষ্ঠানের চলতি হিসাব থেকে কর্তন করে নেয়া হবে।

৯.৩। গ্রাহক পর্যায়ে ঋণের সুদসহ আসল মাসিক/ত্রৈমাসিক ভিত্তিতে এবং পুনঃঅর্থায়নকৃত ঋণ সুদসহ ত্রৈমাসিক ভিত্তিতে নির্দিষ্ট পরিশোধ সূচী অনুযায়ী আদায়যোগ্য হবে।

৯.৪। নির্ধারিত সময়ের পূর্বে কোনো গ্রাহক ঋণ সমন্বয় করলে যে সময়ের জন্য গ্রাহক উক্ত ঋণ সুবিধা গ্রহণ করেছে, পুনঃঅর্থায়ন সুবিধাও সর্বোচ্চ উক্ত সময়ের জন্য প্রযোজ্য হবে। তবে অংশগ্রহণকারী আর্থিক প্রতিষ্ঠান চাইলে তার পূর্বেও পুনঃঅর্থায়নকৃত অর্থ সমন্বয় করতে পারবে। এক্ষেত্রে অংশগ্রহণকারী আর্থিক প্রতিষ্ঠানসমূহকে ঋণ সমন্বয় হওয়া মাত্রই গ্রাহকের ঋণ হিসাব বিবরণীসহ ঋণ সমন্বয়ের বিষয়টি বাংলাদেশ ব্যাংককে অবহিত করবে। মেয়াদ পূর্তির পূর্বে ঋণ সমন্বয়ের জন্য গ্রাহক পর্যায়ে কোনো প্রকার চার্জ/ফি আদায় করা যাবে না।

১০। অন্যান্য শর্তাবলী:

- ১০.১। ঋণগ্রহীতা নির্বাচন, ঋণ মঞ্জুরী, ঋণের নিরাপত্তা জামানত গ্রহণ, ঋণ বিতরণ, দলিল সম্পাদন, ঋণ-মূলধন অনুপাত, ঋণের সন্যবহার ও তদারকীর বিষয় বাংলাদেশ ব্যাংকের বিদ্যমান নীতিমাল/সার্কুলার/সার্কুলার লেটারসমূহ, সংশ্লিষ্ট অংশগ্রহণকারী আর্থিক প্রতিষ্ঠানের নিজস্ব নীতিমালা এবং ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান-গ্রাহক সম্পর্কের ভিত্তিতে নির্ধারিত হবে।
- ১০.২। গ্রাহক পর্যায়ে বিতরণকৃত ঋণের সকল ঝুঁকি ও ঋণ আদায়ের সকল দায়-দায়িত্ব সংশ্লিষ্ট অংশগ্রহণকারী আর্থিক প্রতিষ্ঠানের উপর ন্যস্ত থাকবে। গ্রাহক পর্যায়ে ঋণ আদায়ের সাথে বাংলাদেশ ব্যাংকের পাওনা পরিশোধকে কোনোভাবেই সম্পর্কিত করা যাবে না। অংশগ্রহণকারী আর্থিক প্রতিষ্ঠান সকল পুনঃঅর্থায়নকৃত ঋণের যথাযথ ঝুঁকি ব্যবস্থাপনা (ঋণ ঝুঁকি এবং পরিবেশ ও সামাজিক ঝুঁকি সহ) নিশ্চিত করবে।
- ১০.৩। অংশগ্রহণকারী আর্থিক প্রতিষ্ঠানের অর্থায়নে চালুকৃত উদ্যোগ/প্রকল্প বা বিশেষ ক্ষেত্রে যৌক্তিক কারণে উদ্যোগ/প্রকল্প চালু হওয়ার পর অনধিক ০৬(ছয়) মাসের মধ্যে অংশগ্রহণকারী আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক অর্থায়নকৃত প্রকল্পে তাদের অর্থায়নের বিপরীতে পুনঃঅর্থায়ন সুবিধা বিবেচনাযোগ্য হবে। তবে “গ্রিন ইন্ডাস্ট্রি” ও “গ্রিন ফিচারিং বন্ডিং” (সংযুক্তি-৫) এর ক্ষেত্রে আবশ্যিকভাবে প্রযোজ্য সংশ্লিষ্ট সার্টিফিকেট পাওয়ার পর অর্থায়ন [সার্টিফিকেট প্রাপ্তির ০৩ (তিন) মাসের মধ্যে] করা হলেও পুনঃঅর্থায়ন সুবিধা বিবেচনাযোগ্য হবে।
- ১০.৪। উপকারভোগী গ্রাহক পর্যায়ে বিতরণকৃত ঋণ বিরূপ মানে শ্রেণিকৃত হলে পুনঃঅর্থায়ন সুবিধা বাতিল মর্মে বিবেচিত হবে। ঋণের বিরূপ মানে শ্রেণিকরণের বিষয়টি তাৎক্ষণিকভাবে সংশ্লিষ্ট অংশগ্রহণকারী আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক বাংলাদেশ ব্যাংককে অবহিত করবে। বাংলাদেশ ব্যাংক সুদসহ বকেয়া পুনঃঅর্থায়নকৃত ঋণ এককালীন আদায় করবে।
- ১০.৫। প্রকল্প বাস্তবায়নে পরিবেশ অধিদপ্তর, বাংলাদেশ ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স, Sustainable and Renewable Energy Development Authority (SREDA) ও অন্যান্য নিয়ন্ত্রক সংস্থা কর্তৃক সময় সময় জারিকৃত প্রযোজ্য সকল নির্দেশনার যথাপরিপালন ঋণ বিতরণের পূর্বেই নিশ্চিত করতে হবে।
- ১০.৬। পুনঃঅর্থায়নকৃত ঋণ সম্পর্কিত বাংলাদেশ ব্যাংকের যাচিত তথ্যাদি/বিবরণী নির্ধারিত সময়ে অংশগ্রহণকারী আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক দাখিল করা না হলে সংশ্লিষ্ট আইন ও বিধি-বিধান অনুযায়ী যথাযথ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ১০.৭। পুনঃঅর্থায়ন স্কিমের শর্তাদি বা তহবিলের বিষয়ে যে কোনো সংযোজন, বিয়োজন এবং পরিমার্জনের অধিকার বাংলাদেশ ব্যাংক সংরক্ষণ করে।

১১। পুনঃঅর্থায়নের জন্য উপযুক্ত পণ্য/উদ্যোগ: পুনঃঅর্থায়ন স্কিমের অধীনে নিম্নোক্ত ৮টি খাতের আওতায় বর্তমানে নতুন অন্তর্ভুক্ত পণ্য/উদ্যোগ “গ্রিন ফিচারিং বন্ডিং” সহ মোট ৫১টি পরিবেশবান্ধব পণ্য/উদ্যোগ (বিস্তারিত: সংযুক্তি-৪) পুনঃঅর্থায়নের জন্য বিবেচিত হবে:

১১.১) নবায়নযোগ্য জ্বালানি।

১১.৫) পুনঃপ্রক্রিয়াকরণ ও পুনঃপ্রক্রিয়াকরণ উপযোগী দ্রব্য প্রস্তুতকরণ।

১১.২) জ্বালানি দক্ষ/সামগ্রী প্রযুক্তি।

১১.৬) পরিবেশবান্ধব ইট উৎপাদন।

১১.৩) বিকল্প জ্বালানি।

১১.৭) পরিবেশবান্ধব স্থাপনা।

১১.৪) বর্জ্য ব্যবস্থাপনা।

১১.৮) বিবিধ।

- ১২। এ বিষয়ে ইতোপূর্বে জারিকৃত জিবিসিএসআরডি সার্কুলার নং-০২, তারিখ: জুলাই ১, ২০১৩; জিবিসিএসআরডি সার্কুলার লেটার নং-০১, তারিখ: মে ২০, ২০১৪; জিবিসিএসআরডি সার্কুলার লেটার নং-০২, তারিখ: আগস্ট ১৮, ২০১৪; জিবিসিএসআরডি সার্কুলার লেটার নং-০৫, তারিখ: মে ১০, ২০১৫; এসএফডি সার্কুলার লেটার নং-০৩, তারিখ: নভেম্বর ০৩, ২০১৫ বাতিল মর্মে গণ্য হবে। তাছাড়া, ইতোপূর্বে জারিকৃত সার্কুলার/সার্কুলার লেটারসমূহের মাধ্যমে যে সকল পরিবেশবান্ধব পণ্য/উদ্যোগ/প্রকল্প পুনঃঅর্থায়ন স্কিমের আওতায় অন্তর্ভুক্ত করা হয়েছিল উক্ত সার্কুলার/সার্কুলার লেটার জারির পূর্বে এসকল পণ্য/উদ্যোগ/প্রকল্পে অর্থায়ন করা হলে তা পুনঃঅর্থায়ন সুবিধার আওতায় বিবেচনা করা হবে না।
- ১৩। ব্যাংক কোম্পানি আইন, ১৯৯১ (২০১৩ সাল পর্যন্ত সংশোধিত) এর ৪৫ ধারা এবং আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ (২০০৩ সাল পর্যন্ত সংশোধিত) এর ১৮(ছ) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো যা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,



(মনোজ কুমার বিশ্বাস)

মহাব্যবস্থাপক

ফোন: ৯৫৩০৩২০

ফ্যাক্স: ৯৫৩০৩২৭

E-mail: manoj.biswas@bb.org.bd

সাসটেইনেবল ফাইন্যান্স ডিপার্টমেন্ট  
বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়, ঢাকা।

সংযুক্তি-১: পুনঃঅর্থায়নের জন্য সুদ হিসাবায়নের ক্ষেত্রে ক্রমহ্রাসমান পদ্ধতির (Reducing balance method) নমুনা।

**Loan Amortization Schedule (Fixed Principal Payment Method)**

Total Loan Amount = Tk. 100,000.00  
Annual Interest Rate = 5%  
Loan Period (in Years) = 02 Years  
Number of Payments per year = 4  
Loan Disbursement Date = January 1, 2017

Payment No.	Payment Date	Beginning Balance (Tk.)	Scheduled Payment (Tk.)	Principal (Tk.)	Interest (Tk.)	Ending Balance (Tk.)	Cumulative Interest (Tk.)
1	4/1/2017	100,000.00	13,750.00	12,500.00	1,250.00	87,500.00	1,250.00
2	7/1/2017	87,500.00	13,593.75	12,500.00	1,093.75	75,000.00	2,343.75
3	10/1/2017	75,000.00	13,437.50	12,500.00	937.50	62,500.00	3,281.25
4	1/1/2018	62,500.00	13,281.25	12,500.00	781.25	50,000.00	4,062.50
5	4/1/2018	50,000.00	13,125.00	12,500.00	625.00	37,500.00	4,687.50
6	7/1/2018	37,500.00	12,968.75	12,500.00	468.75	25,000.00	5,156.25
7	10/1/2018	25,000.00	12,812.50	12,500.00	312.50	12,500.00	5,468.75
8	1/1/2019	12,500.00	12,656.25	12,500.00	156.25	-	5,625.00
<b>Total</b>			<b>105,625.00</b>	<b>100,000.00</b>	<b>5,625.00</b>		

Total Loan Payment = Tk. 105,625.00  
Total Interest = Tk. 5,625.00

সংযুক্তি-২/ক: পুন:অর্থায়নের জন্য আবেদনকৃত পণ্য/উদ্যোগ সংশ্লিষ্ট তথ্য বিবরণী

এসএফডি পুন:অর্থায়ন আবেদন ফরম নং-১

“পরিবেশবান্ধব পণ্য/উদ্যোগের জন্য পুন:অর্থায়ন স্কিম” এর আওতায় “-----” পণ্য/উদ্যোগে পুন:অর্থায়নের জন্য বিতরণকৃত ঋণের বিবরণী

ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের নাম:

ঋণ বিতরণের ক্ষেত্রে সংশ্লিষ্ট MFI/ইন্টারমিডিয়েরী এজেন্টের নাম ও ঠিকানা (প্রযোজ্য ক্ষেত্রে):

ক্রমিক নং	গ্রাহক/গ্রাহক প্রতিষ্ঠানের নাম, ঠিকানা (থানা/উপজেলা ও জেলা) এবং মোবাইল নং	গ্রাহক প্রকৃতি (একক/যৌথ/ পরিবার/প্রতিষ্ঠান/ সমবায় সমিতি/ RJSC এর নিবন্ধিত প্রতিষ্ঠান)	বিতরণকৃত ঋণের পরিমাণ ও ঋণ বিতরণের তারিখ	ঋণের মেয়াদকাল ও গ্রেস পিরিয়ড	গ্রাহক পর্যায়ে সরাসরি বিতরণকৃত ঋণের সুদের হার	MFI /ইন্টারমিডিয়েরী এজেন্টের মাধ্যমে বিতরণকৃত ঋণের গ্রাহক পর্যায়ে সুদের হার	যে উদ্দেশ্যে ঋণ বিতরণ করা হয়েছে (ঋণের আওতাভুক্ত ব্যয়)	ঋণ বিতরণকারী শাখার নাম ও ঠিকানা	পুন:অর্থায়নের জন্য আবেদনকৃত পণ্য/উদ্যোগ সংশ্লিষ্ট তথ্যাদি (প্রযোজ্য ক্ষেত্রে)				প্রকল্পের উপকারভোগী গ্রাহকের সংখ্যা এবং প্রকল্পের পরিবেশগত উপযোগিতা	মন্তব্য
									সোলার প্যানেলের ইউনিক কোড নম্বর, উৎপাদন ক্ষমতা ও প্রাপ্ত বিদ্যুতের পরিমাণ (Wp)	বায়োগ্যাস প্লান্টের দৈনিক উৎপাদন ক্ষমতা এবং ব্যাংক কর্তৃক অর্থায়িত গরুর সংখ্যা	সোলার ইরিগেশন পাম্পিং সিস্টেমের দৈনিক পানি উৎপাদন ক্ষমতা ও মোটরের ক্ষমতা	স্লারি হতে উৎপাদিত জৈবসারের পরিমাণ/উৎপাদিত কেঁচো কম্পোস্টের পরিমাণ ও অর্থায়িত গরুর সংখ্যা		
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫

❖ বিশেষ দৃষ্টব্য:

ক) যে সকল পরিবেশবান্ধব পণ্য/উদ্যোগের জন্য এই ফরম প্রযোজ্য হবে: ১) সোলার হোম সিস্টেম, ২) সোলার মাইক্রো/মিনি গ্রিড, ৩) সোলার ইরিগেশন পাম্পিং সিস্টেম, ৪) সৌরশক্তি চালিত কোল্ড স্টোরেজ, ৫) বিদ্যমান গবাদি পশুর/পোল্ট্রি খামারে বায়োগ্যাস প্লান্ট স্থাপন, ৬) সমন্বিত গরুপালন ও বায়োগ্যাস প্লান্ট স্থাপন, ৭) মাঝারি আকারের বায়োগ্যাস প্লান্ট, ৮) বায়োমাস ভিত্তিক বৃহৎ আকারের বায়োগ্যাস প্লান্ট, ৯) পোল্ট্রি ও ডেইরী ভিত্তিক বৃহৎ আকারের বায়োগ্যাস প্লান্ট, ১০) স্লারি হতে জৈবসার প্রস্তুতকরণ, ১১) কেঁচো কম্পোস্ট সার উৎপাদন প্রকল্প।

খ) আবেদনপত্রের সঙ্গে যে সকল নথিপত্র দাখিল করতে হবে: ১) ঋণ মঞ্জুরীপত্র, ২) ঋণ হিসাব বিবরণী, ৩) MFI/ইন্টারমিডিয়েরী এজেন্ট সম্পর্কিত তথ্য (প্রযোজ্য ক্ষেত্রে), ৪) ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক পুন:অর্থায়নের জন্য আবেদনকৃত পরিবেশবান্ধব পণ্য/উদ্যোগের পরিদর্শন প্রতিবেদন (প্রযোজ্য ক্ষেত্রে), ৫) গ্রাহক ও তার স্বার্থ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সাম্প্রতিক সিআইবি রিপোর্টের ভিত্তিতে গ্রাহক ঋণখেলাপী নয় (ঋণের শ্রেণিমানসহ) মর্মে ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের প্রত্যয়ন পত্র, ৬) বাংলাদেশ ব্যাংক বরাবর পুন:অর্থায়ন সুবিধার জন্য দাবীকৃত পণ্য/উদ্যোগের বিপরীতে আবেদনকারী ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান ব্যতীত গ্রাহক অন্য কোন ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান হতে অর্থায়ন/পুন:অর্থায়ন সুবিধা গ্রহণ করেনি মর্মে আবেদনকারী ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের প্রত্যয়ন পত্র।

সংযুক্তি-২/খ: পুন:অর্থায়নের জন্য আবেদনকৃত পণ্য/উদ্যোগ সংশ্লিষ্ট তথ্য বিবরণী

এসএফডি পুন:অর্থায়ন আবেদন ফরম নং-২

“পরিবেশবান্ধব পণ্য/উদ্যোগের জন্য পুন:অর্থায়ন স্কিম” এর আওতায় “-----” পণ্য/উদ্যোগে পুন:অর্থায়নের জন্য বিতরণকৃত ঋণের বিবরণী

ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের নাম:

ঋণ বিতরণের ক্ষেত্রে সংশ্লিষ্ট MFI/ইন্টারমিডিয়েরী এজেন্টের নাম ও ঠিকানা (প্রযোজ্য ক্ষেত্রে):

ক্রমিক নং	গ্রাহক/গ্রাহক প্রতিষ্ঠানের নাম এবং ঠিকানা (থানা/উপজেলা ও জেলা)	গ্রাহক প্রকৃতি (একক/যৌথ/ পরিবার/প্রতিষ্ঠান/ সমবায় সমিতি/ RJSC এর নিবন্ধিত প্রতিষ্ঠান)	বিতরণকৃত ঋণের পরিমাণ ও ঋণ বিতরণের তারিখ	ঋণের মেয়াদকাল ও গ্রেস পিরিয়ড	গ্রাহক পর্যায়ে সরাসরি বিতরণকৃত ঋণের সুদের হার	MFI/ইন্টারমিডিয়েরী এজেন্টের মাধ্যমে বিতরণকৃত ঋণের গ্রাহক পর্যায়ে সুদের হার	যে উদ্দেশ্যে ঋণ বিতরণ করা হয়েছে (ঋণের আওতাভুক্ত ব্যয়)	ঋণ বিতরণকারী শাখার নাম ও ঠিকানা	পরিবেশবান্ধব পণ্য/উদ্যোগ সম্পর্কিত সংক্ষিপ্ত তথ্য [যেমন: উৎপাদন ক্ষমতা, প্রকল্প স্থাপন ব্যয় (খাতওয়ারী), প্রকল্পের ঋণ-মূলধন অনুপাত, ঋণের বিপরীতে বিদ্যমান জামানত এবং অন্যান্য তথ্যাদি]	প্রকল্পের কার্যসূচ ও সমাপ্ত হওয়ার তারিখ	প্রকল্পের উপকারভোগী গ্রাহকের সংখ্যা এবং প্রকল্পের পরিবেশগত উপযোগিতা	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩

❖ বিশেষ দ্রষ্টব্য:

ক) যে সকল পরিবেশবান্ধব পণ্য/উদ্যোগের জন্য এই ফরম প্রযোজ্য হবে: ১) সোলার পাম্পের মাধ্যমে ভূ-উপরিস্থ পানি উত্তোলন করত: পরিশোধনপূর্বক সরবরাহ প্লান্ট, ২) সৌর ফটোভোল্টাইক সংযোজন প্লান্ট, ৩) সোলার ফটোভোল্টাইক পাওয়ার প্লান্ট, ৪) সোলার কুকার এসেম্বলি প্লান্ট, ৫) সোলার ওয়াটার হিটর এসেম্বলি প্লান্ট, ৬) সোলার এয়ার হিটর এন্ড কুলিং সিস্টেম এসেম্বলি প্লান্ট, ৭) বায়ুশক্তি চালিত বিদ্যুৎ উৎপাদন প্লান্ট, ৮) জলবিদ্যুৎ উৎপাদন প্লান্ট, ৯) জ্বালানি অদক্ষ সামগ্রীসমূহকে জ্বালানি দক্ষ সামগ্রী দ্বারা প্রতিস্থাপন, ১০) অটো সেন্সরযুক্ত পাওয়ার সুইচ এসেম্বলি প্লান্ট, ১১) জ্বালানি দক্ষ উন্নত কুক স্টোভ এসেম্বলি প্লান্ট, ১২) LED প্রযুক্তিসম্পন্ন বাত্ব উৎপাদন প্লান্ট, ১৩) LED বাত্ব/টিউব লাইট এসেম্বলি প্লান্ট, ১৪) সনাতন পদ্ধতির চুন চুল্লীগুলোকে উন্নত প্রযুক্তির চুল্লী দ্বারা প্রতিস্থাপন, ১৫) ওয়েস্ট হিট রিকভারি সিস্টেম, ১৬) পৌর বর্জ্য হতে মিথেন রিকভারি ও তা হতে বিদ্যুৎ উৎপাদন, ১৭) পৌর বর্জ্য হতে কম্পোস্ট উৎপাদন, ১৮) ক্ষতিকারক বর্জ্য ব্যবস্থাপনা, ১৯) গাঁদ ব্যবস্থাপনা ও প্রক্রিয়াজাতকরণ, ২০) পাইরোলাইসিস প্রক্রিয়ায় দাহ্য তৈল উৎপাদন, ২১) পুন:প্রক্রিয়াকরণ ও পুন:প্রক্রিয়াকরণ উপযোগী দ্রব্য প্রস্তুতকরণ খাত সংশ্লিষ্ট পণ্য/প্রকল্পসমূহ, ২২) গ্রিন ইন্ডাস্ট্রি, ২৩) গ্রিন ফিচারিং বিল্ডিং, ২৪) কারখানার কর্মপরিবেশ ও নিরাপত্তা নিশ্চিতকরণ প্রকল্প, ২৫) জ্বালানি সাশ্রয়ী/দক্ষ উপায়ে পাম অয়েল তেল উৎপাদন প্লান্ট।

খ) আবেদনপত্রের সঙ্গে যে সকল নথিপত্র দাখিল করতে হবে: ১) ঋণ মঞ্জুরীপত্র, ২) ঋণ হিসাব বিবরণী, ৩) Project Profile, ৪) প্রকল্পের খাতওয়ারি ব্যয় (প্রামাণিক দলিলাদিসহ), ৫) MFI/ইন্টারমিডিয়েরী এজেন্ট সম্পর্কিত তথ্য (প্রযোজ্য ক্ষেত্রে), ৬) ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক পুন:অর্থায়নের জন্য আবেদনকৃত পরিবেশবান্ধব পণ্য/উদ্যোগের পরিদর্শন প্রতিবেদন (প্রযোজ্য ক্ষেত্রে), ৭) গ্রাহক ও তার স্বার্থ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সাম্প্রতিক সিআইবি রিপোর্টের ভিত্তিতে গ্রাহক ঋণ খেলাপী নয় (ঋণের শ্রেণিমানসহ) মর্মে ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের প্রত্যয়ন পত্র, ৮) বাংলাদেশ ব্যাংক বরাবর পুন:অর্থায়ন সুবিধার জন্য দাবীকৃত পণ্য/উদ্যোগের বিপরীতে আবেদনকারী ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান ব্যতীত গ্রাহক অন্য কোন ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান হতে অর্থায়ন/পুন:অর্থায়ন সুবিধা গ্রহণ করেনি মর্মে আবেদনকারী ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের প্রত্যয়ন পত্র, ৯) পরিবেশ অধিদপ্তর কর্তৃক প্রদত্ত হালনাগাদ পরিবেশগত ছাড়পত্র (প্রযোজ্য ক্ষেত্রে), ১০) ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত হালনাগাদ ফায়ার লাইসেন্স (প্রযোজ্য ক্ষেত্রে), ১১) সংশ্লিষ্ট সংগঠনের সদস্যপদ হালনাগাদকৃত/নবায়নকৃত মর্মে প্রত্যয়নপত্র (প্রযোজ্য ক্ষেত্রে), ১২) সংশ্লিষ্ট পণ্য/উদ্যোগের জন্য আবশ্যিকভাবে প্রযোজ্য সার্টিফিকেট (প্রযোজ্য ক্ষেত্রে)।

সংযুক্তি-২/গ: পুন:অর্থায়নের জন্য আবেদনকৃত পণ্য/উদ্যোগ সংশ্লিষ্ট তথ্য বিবরণী

এসএফডি পুন:অর্থায়ন আবেদন ফরম নং-৩

“পরিবেশবান্ধব পণ্য/উদ্যোগের জন্য পুন:অর্থায়ন স্কিম” এর আওতায় তরল বর্জ্য ব্যবস্থাপনা সংশ্লিষ্ট “-----” পণ্য/উদ্যোগে পুন:অর্থায়নের জন্য বিতরণকৃত ঋণের বিবরণী

ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের নাম:

ক্রমিক নং	গ্রাহক/গ্রাহক প্রতিষ্ঠানের নাম এবং ঠিকানা (থানা/উপজেলা ও জেলা)	গ্রাহক প্রকৃতি (একক/যৌথ/ পরিবার/প্রতিষ্ঠান/ সমবায় সমিতি/ RJSC এর নিবন্ধিত প্রতিষ্ঠান)	প্রকল্পের প্রকৃতি (কেমিক্যাল/ বায়োলজিক্যাল / উভয়ের সমন্বিত প্রযুক্তির)	বিতরণকৃত ঋণের পরিমাণ ও ঋণ বিতরণের তারিখ	ঋণের মেয়াদকাল ও গ্রেস পিরিয়ড	গ্রাহক পর্যায়ে সরাসরি বিতরণকৃত ঋণের সুদের হার	যে উদ্দেশ্যে ঋণ বিতরণ করা হয়েছে (ঋণের আওতাভুক্ত ব্যয়)	ঋণ বিতরণকারী শাখার নাম ও ঠিকানা	কারখানার দৈনিক উৎপাদন ক্ষমতা	প্রকল্পের দৈনিক পরিশোধন ক্ষমতা (ঘনমিটার)	প্রকল্পের কার্যক্রমের তারিখ ও প্রকল্প সমাপ্ত হওয়ার তারিখ	প্রকল্পের উপকারভোগী গ্রাহকের সংখ্যা এবং প্রকল্পের পরিবেশগত উপযোগিতা	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪

❖ বিশেষ দ্রষ্টব্য:

- ক) যে সকল পরিবেশবান্ধব পণ্য/উদ্যোগের জন্য এই ফরম প্রযোজ্য হবে: ১) বায়োলজিক্যাল ইটিপি, ২) বায়োলজিক্যাল ও কেমিক্যাল এর সমন্বিত প্রযুক্তিসম্পন্ন ইটিপি স্থাপন, ৩) কেমিক্যাল ইটিপিকে বায়োলজিক্যাল ও কেমিক্যাল এর সমন্বিত প্রযুক্তিসম্পন্ন ইটিপিতে রূপান্তরকরণ, ৪) সেন্ট্রাল ইঙ্কয়েন্ট ড্রিটমেন্ট প্লান্ট, ৫) বর্জ্য পানি প্রক্রিয়াজাতকরণ প্রকল্প, ৬) পয়ঃনিষ্কাশিত তরল প্রক্রিয়াজাতকরণ প্রকল্প।
- খ) আবেদনপত্রের সঙ্গে যে সকল নথিপত্র দাখিল করতে হবে: ১) ঋণ মঞ্জুরীপত্র, ২) ঋণ হিসাব বিবরণী, ৩) Project Profile, ৪) প্রজেক্ট লে-আউট ডিজাইন, ৫) প্রকল্পের খাতওয়ারি ব্যয় (প্রামাণিক দলিলাদিসহ), ৬) ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক পুন:অর্থায়নের জন্য আবেদনকৃত পরিবেশবান্ধব পণ্য/উদ্যোগ পরিদর্শন প্রতিবেদন (প্রযোজ্য ক্ষেত্রে), ৭) গ্রাহক ও তার স্বার্থ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সাম্প্রতিক সিআইবি রিপোর্টের ভিত্তিতে গ্রাহক ঋণ খেলাপী নয় (ঋণের শ্রেণিমানসহ) মর্মে ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের প্রত্যয়ন পত্র, ৮) বাংলাদেশ ব্যাংক বরাবর পুন:অর্থায়ন সুবিধার জন্য দাবীকৃত পণ্য/উদ্যোগের বিপরীতে আবেদনকারী ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান ব্যতীত গ্রাহক অন্য কোন ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান হতে অর্থায়ন/ পুন:অর্থায়ন সুবিধা গ্রহণ করেনি মর্মে আবেদনকারী ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের প্রত্যয়ন পত্র, ৯) পরিবেশ অধিদপ্তর কর্তৃক প্রদত্ত হালনাগাদ পরিবেশগত ছাড়পত্র (প্রযোজ্য ক্ষেত্রে), ১০) ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত হালনাগাদ ফায়ার লাইসেন্স (প্রযোজ্য ক্ষেত্রে), ১১) সংশ্লিষ্ট সংগঠনের সদস্যপদ হালনাগাদকৃত/নবায়নকৃত মর্মে প্রত্যয়নপত্র (প্রযোজ্য ক্ষেত্রে), ১২) সংশ্লিষ্ট পণ্য/উদ্যোগের জন্য আবশ্যিকভাবে প্রযোজ্য সার্টিফিকেট (প্রযোজ্য ক্ষেত্রে)।

সাসটেইনেবল ফাইন্যান্স ডিপার্টমেন্ট  
বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়, ঢাকা।

সংযুক্তি-২/ঘ: পুন:অর্থায়নের জন্য আবেদনকৃত পণ্য/উদ্যোগ সংশ্লিষ্ট তথ্য বিবরণী

এসএফডি পুন:অর্থায়ন আবেদন ফরম নং-৪

“পরিবেশবান্ধব পণ্য/উদ্যোগের জন্য পুন:অর্থায়ন স্কিম” এর আওতায় পরিবেশবান্ধব ইট উৎপাদন সংশ্লিষ্ট “-----” পণ্য/উদ্যোগে পুন:অর্থায়নের জন্য বিতরণকৃত ঋণের বিবরণী

ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের নাম:

ক্রমিক নং	গ্রাহক/গ্রাহক প্রতিষ্ঠানের নাম এবং ঠিকানা (থানা/উপজেলা ও জেলা)	গ্রাহক প্রকৃতি (একক/যৌথ/ পরিবার/প্রতিষ্ঠান/ সমবায় সমিতি/ RJSC এর নিবন্ধিত প্রতিষ্ঠান)	বিতরণকৃত ঋণের পরিমাণ ও ঋণ বিতরণের তারিখ	ঋণের মেয়াদকাল ও গ্রেস পিরিয়ড	গ্রাহক পর্যায়ে সরাসরি বিতরণকৃত ঋণের সুদের হার	যে উদ্দেশ্যে ঋণ বিতরণ করা হয়েছে (ঋণের আওতাভুক্ত ব্যয়)	ঋণ বিতরণকারী শাখার নাম ও ঠিকানা	প্রকল্পে ব্যবহৃত চুল্লির প্রকৃতি		প্রকল্পের বাৎসরিক ইট উৎপাদন ক্ষমতা	প্রকল্পের কার্যারম্ভের তারিখ ও প্রকল্প সমাপ্ত হওয়ার তারিখ	প্রকল্পের উপকারভোগী গ্রাহকের সংখ্যা এবং প্রকল্পের পরিবেশগত উপযোগিতা	মন্তব্য
								সিঙ্গেল	ডাবল				
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪

❖ বিশেষ দ্রষ্টব্য:

- ক) যে সকল পরিবেশবান্ধব পণ্য/উদ্যোগের জন্য এই ফরম প্রযোজ্য হবে: ১) কমপ্রেসড ব্লক ইট প্রস্তুতকরণ প্রকল্প, ২) ফোম-কনক্রিট ইট প্রস্তুতকরণ প্রকল্প, ৩) আধুনিক প্রযুক্তিসম্পন্ন ইট প্রস্তুতকরণ প্লান্ট (HHK/Tunnel Kiln অথবা FCK হতে zig-zag/VSBK পদ্ধতিতে রূপান্তরকরণ)।
- খ) আবেদনপত্রের সঙ্গে যে সকল নথিপত্র দাখিল করতে হবে: ১) ঋণ মঞ্জুরীপত্র, ২) ঋণ হিসাব বিবরণী, ৩) Project Profile, ৪) প্রজেক্ট লে-আউট ডিজাইন, ৫) প্রকল্পের খাতওয়ারি ব্যয় (প্রামাণিক দলিলাদিসহ), ৬) ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক পুন:অর্থায়নের জন্য আবেদনকৃত পরিবেশবান্ধব পণ্য/উদ্যোগ পরিদর্শন প্রতিবেদন (প্রযোজ্য ক্ষেত্রে), ৭) গ্রাহক ও তার স্বার্থ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সাম্প্রতিক সিআইবি রিপোর্টের ভিত্তিতে গ্রাহক ঋণ খেলাপী নয় (ঋণের শ্রেণিমানসহ) মর্মে ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের প্রত্যয়ন পত্র, ৮) বাংলাদেশ ব্যাংক বরাবর পুন:অর্থায়ন সুবিধার জন্য দাবীকৃত পণ্য/উদ্যোগের বিপরীতে আবেদনকারী ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান ব্যতীত গ্রাহক অন্য কোন ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান হতে অর্থায়ন/ পুন:অর্থায়ন সুবিধা গ্রহণ করেনি মর্মে আবেদনকারী ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের প্রত্যয়ন পত্র, ৯) পরিবেশ অধিদপ্তর কর্তৃক প্রদত্ত হালনাগাদ পরিবেশগত ছাড়পত্র (প্রযোজ্য ক্ষেত্রে), ১০) ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত হালনাগাদ ফায়ার লাইসেন্স (প্রযোজ্য ক্ষেত্রে), ১১) সংশ্লিষ্ট সংগঠনের সদস্যপদ হালনাগাদকৃত/নবায়নকৃত মর্মে প্রত্যয়নপত্র (প্রযোজ্য ক্ষেত্রে), ১২) সংশ্লিষ্ট পণ্য/উদ্যোগের জন্য আবশ্যিকভাবে প্রযোজ্য সার্টিফিকেট (প্রযোজ্য ক্ষেত্রে), ১৩) জেলা প্রশাসকের প্রদত্ত অনুমতি পত্র (প্রযোজ্য ক্ষেত্রে)।

সাসটেইনেবল ফাইন্যান্স ডিপার্টমেন্ট  
বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়, ঢাকা।

সংযুক্তি-৩: পুনঃঅর্থায়নকৃত ঋণ সংক্রান্ত প্রতিবেদন (ত্রৈমাসিক)

অংশগ্রহণকারী ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের নাম:

ত্রৈমাসিক: ..... হতে ....., ২০.....

ক্রমিক নং	ঋণ বিতরণের তারিখ ও ঋণের পরিমাণ	ঋণের মেয়াদকাল	বাংলাদেশ ব্যাংক হতে পুনঃঅর্থায়ন প্রাপ্তির তারিখ ও সূত্র নম্বর	পণ্য/প্রকল্পের নাম	আদায়কৃত ঋণের পরিমাণ (টাকা)	আদায়যোগ্য বকেয়া ঋণের পরিমাণ (টাকা)	ঋণের বর্তমান শ্রেণিমান	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯

❖ বিশেষ দ্রষ্টব্য:

বাংলাদেশ ব্যাংকের সঙ্গে অংশগ্রহণ চুক্তি স্বাক্ষরকারী সকল ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান ত্রৈমাসিক ভিত্তিতে প্রতিবেদন দাখিল করবে। ত্রৈমাসিক প্রতিবেদন সংশ্লিষ্ট ত্রৈমাসিকের তথ্যের উপর ভিত্তি করে তৈরী ও ত্রৈমাসিক পরবর্তী ১৫(পনের) দিনের মধ্যে বাংলাদেশ ব্যাংক (মহাব্যবস্থাপক, সাসটেইনেবল ফাইন্যান্স ডিপার্টমেন্ট, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা) বরাবর দাখিল করতে হবে। কোন অংশগ্রহণকারী ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান পুনঃঅর্থায়ন সুবিধা গ্রহণ না করে থাকলে "Nil Report" দাখিল করতে হবে।

সাসটেইনেবল ফাইন্যান্স ডিপার্টমেন্ট  
বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়, ঢাকা।

সংযুক্তি-৪: পরিবেশবান্ধব পণ্য/উদ্যোগের তালিকা

পুন:অর্থায়ন স্কিমের আওতাধীন পুন:অর্থায়নযোগ্য পরিবেশবান্ধব পণ্য/উদ্যোগসমূহের বিস্তারিত বিবরণ:

খাত-১: নবায়নযোগ্য জ্বালানি

উপ- খাত	পরিবেশবান্ধব পণ্য/উদ্যোগ	সর্বোচ্চ ঋণসীমা (টাকায়)	ঋণের আওতা	পরিবেশবান্ধব পণ্য/উদ্যোগের বৈশিষ্ট্য	ঋণ প্রাপ্তির যোগ্যতা	ঋণের মেয়াদকাল (সর্বোচ্চ) <sup>১</sup>	
						গ্রেস পিরিয়ড (মাস)	মেয়াদ (বছর)
সৌর শক্তি	১) সোলার হোম সিস্টেম	১.৭৫ লক্ষ (এক লক্ষ পঁচাত্তর হাজার)	সোলার হোম সিস্টেমের প্রকৃত মূল্য এবং স্থাপন ব্যয়।	১০ Wp-১০০০ Wp ক্ষমতাসম্পন্ন সোলার প্যানেল।	❖ একক/যৌথ উদ্যোগে ব্যবহারকারী (আবাসিক)।	-	০৪
	২) সোলার মাইক্রো/মিনি গ্রিড	১০.০০ (দশ) কোটি	প্রকল্পের স্থানীয় ব্যয়, আমদানী ব্যয় ও পুরকর্ম ব্যয়।	১০০০ KWp বা তদূর্ধ্ব ক্ষমতাসম্পন্ন সোলার প্যানেল।	❖ একক/যৌথ উদ্যোগে ব্যবহারকারী পরিবার/প্রতিষ্ঠান <sup>২</sup> অথবা সমবায় সমিতি <sup>৩</sup> অথবা RJSC <sup>৪</sup> এর নিবন্ধিত প্রতিষ্ঠান।	০৯	০৮
	৩) সোলার ইরিগেশন পাম্পিং সিস্টেম	৩৫.০০ (পঁয়ত্রিশ) লক্ষ	সোলার প্যানেল, সাবমারসিবল পাম্প, ইনভার্টার/ কন্ট্রোলার, সুইচিং সিস্টেম, ড্রেনেজ সিস্টেম ইত্যাদি খাতে অর্থায়ন পুন:অর্থায়নের আওতাভুক্ত হবে।	সোলার পাম্পের পানি উত্তোলন ক্ষমতা: দৈনিক ৫ লক্ষ হতে ৬ লক্ষ লিটার পানি উত্তোলন। সৌর প্যানেলের ক্ষমতা: প্রতি পাম্পের জন্য সর্বনিম্ন ৬ KWp থেকে সর্বোচ্চ ১২ KWp পর্যন্ত।	❖ যৌথ ভিত্তিতে ব্যবহারের উদ্দেশ্যে গঠিত কৃষক সমবায় সমিতি বা সমশ্রেণির নিবন্ধিত সংগঠন।	০৬	০৮
	৪) সোলার পাম্পের মাধ্যমে ভূ-উপরিস্থ পানি উত্তোলন করত: পরিশোধনপূর্বক সরবরাহ প্লান্ট	৩.০০ (তিন) কোটি	প্রকল্পের স্থানীয় ব্যয়, আমদানী ব্যয়, সিভিল ওয়ার্কস, সোলার প্যানেল, সোলার পাম্প, ভূ-গর্ভস্থ পাইপ স্থাপন বাবদ ব্যয়।	পরিবেশ বিপর্যয় রোধের নিমিত্তে সৌর শক্তি চালিত পাম্প ব্যবহারপূর্বক ভূ-উপরিস্থ পানি উত্তোলন করত: পরিশোধনপূর্বক পান করার উপযোগী করে সরবরাহ প্রকল্প স্থাপনের জন্য পুন:অর্থায়ন সহায়তা প্রযোজ্য হবে।	❖ একক/যৌথ ভিত্তিতে ব্যবহারকারী পরিবার/প্রতিষ্ঠান অথবা সমবায় সমিতি অথবা RJSC এর নিবন্ধিত প্রতিষ্ঠান অথবা MRA <sup>৫</sup> এর নিবন্ধিত MFI <sup>৬</sup> ।	০৯	০৮
	৫) সৌর ফটোভোল্টাইক সংযোজন প্লান্ট	১৫.০০ (পনের) কোটি	প্রকল্পের স্থানীয় ব্যয়, আমদানী ব্যয় ও সিভিল ওয়ার্কস।	দেশীয় চাহিদা পূরণের লক্ষ্যে দেশে সোলার পিভি সংযোজন প্লান্ট স্থাপন পুন:অর্থায়ন সুবিধাভুক্ত হবে।		০৬	০৫
	৬) সোলার ফটোভোল্টাইক পাওয়ার প্লান্ট।	৩০.০০ (ত্রিশ) কোটি				১২	১০
	৭) সোলার কুকার এসেম্বলি প্লান্ট	২.০০ (দুই) কোটি	প্রকল্পের স্থানীয় ব্যয়, সিভিল ওয়ার্কস, সোলার প্যানেল ক্রেয়/আমদানী সংক্রান্ত আনুষঙ্গিক ব্যয়। এক্ষেত্রে উল্লেখ্য, আমদানীকৃত সোলার প্যানেল			০৬	০৪
	৮) সোলার ওয়াটার হিটার এসেম্বলি প্লান্ট	২.০০ (দুই) কোটি	সমমাময়িক আন্তর্জাতিক মানসম্পন্ন (TUV:IEC 61215 Edition II, IEC 61730 I and II, MCS, ISO9000, CE/সমমানের সার্টিফাইড) হতে হবে।	নবায়নযোগ্য জ্বালানি তথা সৌরশক্তির ব্যবহার সম্প্রসারণের লক্ষ্যে এসকল প্রকল্প/উদ্যোগ পুন:অর্থায়ন সুবিধার আওতায় আসবে।	❖ RJSC এর নিবন্ধিত প্রতিষ্ঠান।	০৬	০৪
	৯) সোলার এয়ার হিটার এন্ড কুলিং সিস্টেম এসেম্বলি প্লান্ট	৩.০০ (তিন) কোটি				০৬	০৪
	১০) সৌরশক্তি চালিত কোল্ড স্টোরেজ	৮.০০ (আট) কোটি				০৬	০৬

সাসটেইনেবল ফাইন্যান্স ডিপার্টমেন্ট  
বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়, ঢাকা।

খাত ১: নবায়নযোগ্য জ্বালানি (চলমান)

উপ-খাত	পরিবেশবান্ধব পণ্য/উদ্যোগ	সর্বোচ্চ ঋণসীমা (টাকায়)	ঋণের আওতা	পরিবেশবান্ধব পণ্য/উদ্যোগের বৈশিষ্ট্য	ঋণ প্রাপ্তির যোগ্যতা	ঋণের মেয়াদকাল (সর্বোচ্চ) <sup>১</sup>	
						গ্রেস পিরিয়ড (মাস)	মেয়াদ (বছর)
বায়োগ্যাস	১১) বিদ্যমান গবাদি পশুর/পোল্ট্রি খামারে বায়োগ্যাস প্লান্ট স্থাপন।	৫০.০০ (পঞ্চাশ) হাজার	বায়োগ্যাস প্লান্ট স্থাপনের ব্যয়।	সর্বনিম্ন ১.২ ঘনমিটার থেকে সর্বোচ্চ ৪.৮ ঘনমিটার ক্ষমতা সম্পন্ন বায়োগ্যাস স্থাপনের জন্য অর্থায়িত প্রকল্প।	❖ একক/যৌথভাবে ব্যবহারকারী পরিবার/প্রতিষ্ঠান।	০৩	০৪
	১২) সমন্বিত গরুপালন ও বায়োগ্যাস প্লান্ট স্থাপন।	৪.৫০ লক্ষ (চার লক্ষ পঞ্চাশ হাজার)	গরু ক্রয় এবং বায়োগ্যাস প্লান্ট স্থাপনের ব্যয়।	বায়োগ্যাস উৎপাদন ও ব্যবহারের জন্য ন্যূনতম ০৪(চার)টি উন্নত জাতের গরু এবং সর্বোচ্চ ৪.৮ ঘনমিটার বায়োডাইজেস্টার প্রস্তুত।		০৩	০৪
	১৩) স্লারি হতে জৈবসার প্রস্তুতকরণ।	২.০০ (দুই) লক্ষ	স্লারি শুকানো ও বাজারজাতকরণের লক্ষ্যে চাতাল নির্মাণ ও ভ্যান ক্রয়।	-		০৩	০৪
	১৪) মাঝারি আকারের বায়োগ্যাস প্লান্ট।	২৫.০০ (পঁচিশ) লক্ষ	প্রকল্পের স্থানীয় ব্যয়, সিভিল ওয়ার্কস ও অন্যান্য সংশ্লিষ্ট যন্ত্রপাতি/প্রযুক্তি স্থাপন ব্যয়।	গৃহস্থালী ও বাণিজ্যিকভাবে বায়োগ্যাস উৎপাদন বা তা হতে বিদ্যুৎ উৎপাদনের জন্য স্থাপিত প্রকল্প।	০৬	০৫	
	১৫) বায়োমাস ভিত্তিক বৃহৎ আকারের বায়োগ্যাস প্লান্ট।	২.০০ (দুই) কোটি	প্রকল্পের স্থানীয় ব্যয়, আমদানী ব্যয়, সিভিল ওয়ার্কস ও অন্যান্য সংশ্লিষ্ট যন্ত্রপাতি/প্রযুক্তি স্থাপন ব্যয়।	কৃষিজ বর্জ্য, ধানের তুষ, আখের ছোবড়া, ফসলের অবশিষ্টাংশকে উপাদান (Raw Materials) হিসাবে ব্যবহার করে উৎপন্ন বায়োগ্যাস হতে বিদ্যুৎ উৎপাদন প্রকল্প।	❖ একক/যৌথ ভিত্তিতে ব্যবহারকারী প্রতিষ্ঠান অথবা সমবায় সমিতি অথবা RJSC এর নিবন্ধিত প্রতিষ্ঠান।	০৯	০৫
	১৬) পোল্ট্রি ও ডেইরী ভিত্তিক বৃহৎ আকারের বায়োগ্যাস প্লান্ট।	২.০০ (দুই) কোটি		পোল্ট্রি ও ডেইরী ভিত্তিক বৃহৎ আকারের বায়োগ্যাস প্লান্ট স্থাপন এবং তা থেকে বিদ্যুৎ উৎপাদন প্রকল্প।		০৯	০৫
বায়ু বিদ্যুৎ	১৭) বায়ুশক্তি চালিত বিদ্যুৎ উৎপাদন প্লান্ট।	৫.০০ (পাঁচ) কোটি	প্রকল্পের স্থানীয় ব্যয়, আমদানী ব্যয় (টার্বাইন+ কন্ট্রোলার), সিভিল ওয়ার্কস ও টাওয়ার নির্মাণ ব্যয়।	উপকূলীয় এলাকাসহ সম্ভাবনাময় স্থাপনযোগ্য দেশের যে কোন এলাকায় বায়ুশক্তি ব্যবহারের মাধ্যমে বিদ্যুৎ উৎপাদন প্রকল্পে পুনঃঅর্থায়ন সুবিধা প্রযোজ্য হবে।	❖ একক/যৌথ ভিত্তিতে ব্যবহারকারী প্রতিষ্ঠান অথবা সমবায় সমিতি অথবা RJSC এর নিবন্ধিত প্রতিষ্ঠান।	০৯	১০
জল বিদ্যুৎ	১৮) জলবিদ্যুৎ প্লান্ট (পিকো, মাইক্রো, মিনি)।	৫০.০০ (পঞ্চাশ) লক্ষ	প্রকল্পের স্থানীয় ব্যয়, আমদানী ব্যয় ও পুরকর্ম ব্যয়।	পিকো (১ KW হতে ৫ KW পর্যন্ত), মাইক্রো (৬ KW হতে ১২০ KW পর্যন্ত) এবং মিনি (১২১ KW হতে ৫০০ KW পর্যন্ত) জলবিদ্যুৎ প্লান্ট স্থাপনে পুনঃঅর্থায়ন সুবিধা প্রযোজ্য হবে।	❖ RJSC এর নিবন্ধিত প্রতিষ্ঠান।	০৬	০৫

সাসটেইনেবল ফাইন্যান্স ডিপার্টমেন্ট  
বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়, ঢাকা।

খাত-২: জ্বালানি দক্ষ/সাশ্রয়ী প্রযুক্তি

উপ- খাত	পরিবেশবান্ধব পণ্য/উদ্যোগ	সর্বোচ্চ ঋণসীমা (টাকায়)	ঋণের আওতা	পরিবেশবান্ধব পণ্য/উদ্যোগের বৈশিষ্ট্য	ঋণ প্রাপ্তির যোগ্যতা	ঋণের মেয়াদকাল (সর্বোচ্চ) <sup>১</sup>	
						গ্রেস পিরিয়ড (মাস)	মেয়াদ (বছর)
-	১৯) জ্বালানি অদক্ষ সামগ্রীসমূহকে জ্বালানি দক্ষ সামগ্রী (যেমন: জ্বালানি সাশ্রয়ী লাইটিং সিস্টেম, জ্বালানি দক্ষ ইলেক্ট্রিক সামগ্রী, জ্বালানি দক্ষ বয়লার ইত্যাদি) দ্বারা প্রতিস্থাপন প্রকল্প।	৫.০০ (পাঁচ) কোটি	প্রকল্পের স্থানীয় ব্যয়, আমদানী ব্যয় ও সিভিল ওয়ার্কস।	-	<ul style="list-style-type: none"> <li>❖ একক/যৌথ মালিকানাধীন প্রতিষ্ঠান।</li> <li>❖ RJSC এর নিবন্ধিত প্রতিষ্ঠান।</li> <li>❖ এনার্জি অডিট রিপোর্ট দাখিল করতে হবে।<sup>১</sup></li> </ul>	০৬	০৫
	২০) বিদ্যুৎ সাশ্রয়ের জন্য অটো সেন্সরযুক্ত পাওয়ার সুইচ এসেম্বলি প্লান্ট।	২.০০ (দুই) কোটি	প্রকল্পের স্থানীয় ব্যয়, আমদানী ব্যয় ও সিভিল ওয়ার্কস।	-	<ul style="list-style-type: none"> <li>❖ একক/যৌথ মালিকানাধীন প্রতিষ্ঠান।</li> <li>❖ RJSC এর নিবন্ধিত প্রতিষ্ঠান।</li> </ul>	০৬	০৫
	২১) জ্বালানি দক্ষ উন্নত কুক স্টোভ এসেম্বলি প্লান্ট।	২.০০ (দুই) কোটি				০৬	০৫
	২২) LED প্রযুক্তি সম্পন্ন বাত্ব উৎপাদন প্লান্ট।	৫.০০ (পাঁচ) কোটি				০৬	০৫
